



ডা. তামজীদ আহমেদ

## হাট ফেইলিয়ার

হাট ফেইলিয়ারের সময় আক্রান্ত ব্যক্তির শরীর ফুলে যেতে পারে বা ওজন বাড়তে পারে। সেই কারণে আপনার শ্বাসকষ্ট হতে পারে বা রাতে শ্বাস নিতে অসুবিধা হতে পারে

হাট ফেইলিয়ার হলো এমন এক অবস্থা যখন হৃদযন্ত্রের রক্ত সঞ্চালনের ক্ষমতা কমে যায়। এটা হতে পারে হাট হ্যাটাক, উচ্চ রক্তচাপের চিকিৎসা না করা, করোনারি আর্টারিজনিত রোগ বা অন্য কোনো সমস্যা থেকে। হাট ফেইলিয়ারের কারণে হাট শরীরে অক্সিজেনের প্রয়োজন অনুযায়ী পর্যাপ্ত পরিমাণে রক্ত সরবরাহ করতে পারে না, ফলে ফুসফুস, পা এবং অন্যান্য টিস্যু-তে তরল জমা হতে পারে। তাই হাট ফেইলিয়ারের সময় আক্রান্ত ব্যক্তির শরীর ফুলে যেতে পারে বা ওজন বাড়তে পারে। সেই কারণে আপনার শ্বাসকষ্ট হতে পারে বা রাতে শ্বাস নিতে অসুবিধা হতে পারে। এই অবস্থাকে কখনো কখনো কনজেস্টিভ হাট ফেইলিয়ার বলা হয়।

হাট ফেইলিয়ার চিহ্নিত করার একটি উপায় হলো প্রতি বিটের সঙ্গে হৃদযন্ত্র কত শতাংশ রক্ত সঞ্চালন করে তার পরিমাপ করা। এই শতকরা হারকে বলা হয় ইজেকশন ফ্ল্যাকশন। একটি সুস্থ হৃদযন্ত্রে প্রতি বিটে ৫০ থেকে ৭০ শতাংশ রক্ত সঞ্চালিত হয়। হাট ফেইলিয়ারের অনেক রোগী ৪০ শতাংশেরও কম রক্ত সঞ্চালন করে।

এ রকম হলে আপনি ক্লান্তি অনুভব করতে পারেন এবং যা আপনি করতে চান তা করতে পারেন না, কারণ আপনার হাট আপনার শরীরের প্রয়োজন অনুযায়ী রক্ত সঞ্চালন করছে না। হাট ফেইলিয়ারের

সময়, আপনার হৃদযন্ত্র হত সঞ্চালন ক্ষমতার ক্ষতিপূরণের চেষ্টা করে, ফলে এর আকারের পরিবর্তন হতে পারে এবং এর পরিণতিতে অসম্প্রিত বা অসামঞ্জস্যপূর্ণ এবং অদক্ষ হাট বিটের ক্রম হয়ে থাকে।

### হাট ফেইলিয়ারের লক্ষণ

- শ্বাসকষ্ট
- পায়ের পাতা এবং পা ফোলা
- শক্তি কমে যাওয়া
- শ্বাসকষ্টের দরুন রাতে ঘুমাতে না পারা
- পেট ফোলা বা পেট মোটা হওয়ার ফলে ক্ষিদের ভাব নষ্ট হওয়াসহ কাশি
- কফসহ কাশি
- রাতে বেশি প্রস্রাব হওয়া
- বিভ্রান্তি বা কাজের স্মৃতি নষ্ট হওয়া

### হাট ফেইলিয়ারের কারণ

অনেক কারণে হাট ফেইলিয়ার হতে পারে। অনেক সময় কারণ জানা যায় না। হাট ফেইলিয়ারের কয়েকটি সাধারণ কারণ :

- করোনারি আর্টারি রোগ
- হাট অ্যাটাক
- উচ্চ রক্তচাপের চিকিৎসা না করা
- হাট ভান্নের সমস্যা
- হাটে সংক্রমণ
- দীর্ঘদিন থেকে মদ্যপান
- জন্ম থেকে হাটের সমস্যা

লেখক : সিনিয়র কনসালটেন্ট-কার্ডিওলজি  
এ্যাপোলো হসপিটালস ঢাকা

## ডিপার্টমেন্ট অব কার্ডিওলজি | এ্যাপোলো হাট সেন্টার

সু-পরিসর লাউঞ্জসহ অত্যাধুনিক কাথ ল্যাবে প্রায় ব্যথাহীন ও রক্তক্ষরণের আশঙ্কামুক্ত রেডিয়াল এনজিওগ্রাম ও এনজিওপ্লাস্টির সুবিধা | অস্বাভাবিক দুর্বল হৃদস্পন্দনের চিকিৎসায় পেসমেকার ইমপ্লান্টসহ অনিয়মিত ও উচ্চ হৃদস্পন্দনের চিকিৎসায় আই সি ডি ইমপ্লান্ট | জরুরী প্রয়োজনে যে কোন সময় এনজিওগ্রাম ও এনজিওপ্লাস্টির সুবিধা | ৬৪ স্লাইস মেশিনে নন-ইনভেসিভ সিটি এনজিওগ্রামের সুবিধা | কার্ডিয়াক লাইফ সাপোর্ট ইকুইপমেন্ট সমৃদ্ধ এ্যাম্বুলেন্স সার্ভিস | পোস্ট-গ্রাজুয়েট ডাক্তারের উপস্থিতি; দিনের ২৪ ঘন্টা সপ্তাহের ৭ দিন

এ্যাপোলো সেন্টার: (০২)-৮৮৪৫২৪২, ০১৮৪১ APOLLO, ০১৭২৯ APOLLO, ০১১৯৫ APOLLO, ০১৬১২ APOLLO, ০১৯৭১ APOLLO; APOLLO সার্ভার সংখ্যা: ২৭৬৫৫৬



Organization Accredited by  
Joint Commission International



Apollo  
HOSPITALS  
DHAKA  
TOUCHING LIVES